দৈনিক ইত্তেফাক

তারিখ 02 MAR 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

114

## প্রাথমিক শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

গত ১২/২/৯৩ইং তারিখে প্রাইমারী শিক্ষক নিয়োগ পরীক্ষা দেশব্যাপী অনুষ্ঠিত হইয়া গেল। সবার পরীক্ষা একরকম হয় নাই এবং সকলে নিয়োগ পাইবে এমনও নয়। তথাপি কথা উঠিয়াছে, শোনা যাইতেছে অনেকে নাকি এই পদ প্রাপ্তির জন্য ২০/৩০ হাজার টাকা শিক্ষা অফিসের লোকদের দিয়া রাখিয়াছে। এবং অনেকে মন্ত্রী ঠিক করিয়াছেন বা করিতেছেন তদবির করার জন্য। যদি তাহাই হয় তবে প্রশ্ন, লোক দেখানো এই পরীক্ষা নেওয়ার দরকার কি ছিল? ৫০ টাকার পে-অর্ডারের টাকা সরকারের খাতে জমা করিবার জন্য? শিক্ষক ও শিক্ষা মন্ত্রণালয় দুর্নীতির উর্ধ্বে থাকিবে ইহাই প্রত্যাশিত। যদি দুর্নীতির মাধ্যমে শিক্ষক নিয়োগ হয়, তবে দেশ কোথায় গিয়া দাঁড়াইবে, একটু ভাবা দরকার। সংশ্লিষ্ট শিক্ষা অফিসার, মন্ত্রী ও সদাশয় সরকারের এ ব্যাপারে একটু নজর দেওয়ার প্রয়োজন আছে বলিয়া মনে করিতেছি এবং শিক্ষক নিয়োগের ব্যাপারে অন্যায় কোন পথ অবলম্বন না করিয়া কেবল মেধা অনুযায়ী যেন নিয়োগ প্রদান করা হয় তাহা নিশ্চিত করার জন্য আবেদন জানাইতেছি।

—এম, এম, আব্বাছউদ্দিন,
উত্তর বাসাবো, ঢাকা।